



## বাংলাদেশী আর্কিটেক্টস ইন অস্ট্রেলিয়ার সংবাদ প্রতিবেদন

স্থাপত্যকর্ম নিয়ে এবার স্থাপত্য উৎসব অনুষ্ঠিত হতে যাচ্ছে মেলবোর্নে, আয়োজন করছে অস্ট্রেলিয়ায় বসবাসরত বাংলাদেশী স্থপতিদের সংগঠন ‘বাংলাদেশী আর্কিটেক্টস ইন অস্ট্রেলিয়া’ (বি,এ,এ)। বাংলাদেশ, অস্ট্রেলিয়া, জাপান এবং মালয়শিয়ার স্থপতিদের সমন্বয়ে সপ্তাহব্যাপী স্থাপত্য উৎসবের উদ্বোধন হবে বি,এম, ডাবলিউ এজ - ফেডারেশন স্কয়ারে আগামী ১৪ই সেপ্টেম্বর ২০১২ শুক্রবার, এবং স্থাপত্য প্রদর্শনী/সেমিনার অনুষ্ঠিত হবে ১৫ই সেপ্টেম্বর ২০১২ শনিবারে মনাশ বিশ্ববিদ্যালয়ের ক্লেইটন ক্যাম্পাস অডিটোরিয়াম, পারফরমিং আর্টস সেন্টার বিলডিং ৬৮, এ।

উদ্বোধনী এবং সেমিনার অনুষ্ঠান শুধুমাত্র আমন্ত্রিত অতিথিদের জন্য তবে স্থাপত্য প্রদর্শনী সবার জন্য উন্মুক্ত থাকবে। এবারের প্রদর্শনীতে থাকছে বাংলাদেশী জাতীয় পুরস্কারপ্রাপ্ত স্থপতিদের কাজ সহ বাংলার ঐতিহ্যময় স্থাপত্য, বাংলাদেশে বিদেশী স্থপতি কনস্ট্রাক্টিভনোস ডক্সিয়াডিস, স্ট্যানলি টাইগারম্যান, লুই আই কান এবং পল রুডল্ফের স্থাপত্যকর্ম। আরও থাকছে প্রয়াত প্রখ্যাত স্থপতি মাজহারুল ইসলামের কিছু নির্বাচিত স্থাপত্যকর্ম।

মেলবোর্নের এই উৎসব আয়োজনে প্রত্যক্ষভাবে সহযোগীতা করছে অস্ট্রেলিয়ান ইনস্টিটিউট অফ আর্কিটেক্টস (এ,আই,এ) এবং এর ভিক্টোরিয়ান চ্যাপ্টার, ইনস্টিটিউট অফ আর্কিটেক্টস বাংলাদেশ এবং অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশ হাই কমিশন। আরও সহযোগীতা করছে আর্কএশিয়া, কমন ওয়েলথ ইনস্টিটিউট অফ আর্কিটেক্টস, মনাশ বিশ্ববিদ্যালয়, ডিকিন বিশ্ববিদ্যালয় এবং মেলবোর্ণ বিশ্ববিদ্যালয়।

উৎসবের সেমিনার পর্বে যারা উপস্থাপনা করবেনঃ

- |                     |   |
|---------------------|---|
| শেলী পেন -          | সভাপতি, এ,আই,এ  |
| জর্জ কুনিহিরো -     | জাপান, সভাপতি, আর্ক এশিয়া  |
| পেই ইং ট্যান -      | মালয়শিয়া, আসন্ন সভাপতি, আর্ক এশিয়া   |
| এলেক যেন -          | প্রাক্তন সভাপতি, এ,আই,এ   |
| মুবাশ্বর হোসেন -    | সভাপতি, ইনস্টিটিউট ওফ আর্কিটেক্টস বাংলাদেশ,<br>সভাপতি, ইউনিয়ন ওফ ইন্টারন্যাশন্যাল আর্কিটেক্টস<br>(ইউ,আই,এ) |
| লুইস কব্র -         | প্রাক্তন সভাপতি, ইউ, আই,এ   |
| পল ফলেরোস (ও,এ,এম)- | পরিচালক, হ্যাবিট্যাট  |
| গ্রেগরী বার্জেস -   | ওর্ডার ওফ ওস্ট্রেলিয়া সদস্য, পরিচালক গ্রেগরী বার্জেস<br>আর্কিটেক্টস  |

রফিক আজম - পরিচালক, শাতত্ব  
ইকবাল হাবিব - সহযোগী পরিচালক - ভিত্তি  
প্রফেসর আবু সাঈদ - বিভাগীয় প্রধান, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়,  
বাংলাদেশ  
ডিয়েগো রামিরেজ লোভারিং- বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, মনাস  
বিশ্ববিদ্যালয়  
প্রফেসর হিশাম এলেকাদি - স্থাপত্য বিভাগীয় প্রধান, ডিকিন বিশ্ববিদ্যালয়  
ফিলিপ গোয়াদ- স্থাপত্য অনুষদ, মেলবোর্ণ বিশ্ববিদ্যালয়।  
ডঃ মোঃমিজানুর রশিদ - সহযোগী প্রফেসর, স্থাপত্য বিভাগ, ইন্টারন্যাশন্যাল  
ইসলামিক বিশ্ববিদ্যালয়, মালয়শিয়া  
জিল গার্নার - সহযোগী স্থপতি, ভিক্টোরিয়ান সরকার  
জন ক্লেমেন্ট - সভাপতি, অস্ট্রেলিয়ান ইনস্টিটিউট ওফ আর্কিটেক্চস

উৎসবটি স্পনসর করছেনঃ

টাইটেল স্পনসরঃ  
আর্টিসান এপার্টমেন্টস বাংলাদেশ লিমিটেড

প্লাটিনাম স্পনসরঃ  
দি স্ট্রাকচার্যাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড  
মেরিট রিয়েল এস্টেট এন্ড ডেভেলোপমেন্ট লিমিটেড

প্রধান স্পনসরঃ  
নীড় লিমিটেড  
হরাইজন কনস্ট্রাকশান এন্ড ডেভেলোপমেন্ট

এর আগে ২০০৮ সালে সিডনীতে এবং ২০১০ সালে ক্যানবেরায় এ সংগঠন আত্যন্ত সফলভাবে স্থাপত্য উৎসব করেছে। এ দুটি উৎসবের কারণে অস্ট্রেলিয়ান স্থপতিদের মাঝে বাংলাদেশী স্থপতিদের আন্তর্জাতিক মানের স্থাপত্যশৈলী ব্যাপক পরিচিতি পেয়েছে যার ফলে প্রখ্যাত স্থপতি পল ফলেরোস বাংলাদেশে ঘুরে এসেছেন আর বাংলাদেশী স্থপতিদের নিয়ে একটি প্রকল্প হাতে নেয়ার ইচ্ছে প্রকাশ করেছেন।

বি,এ,এ সংগঠিত দুটি উৎসব অস্ট্রেলিয়ায় নবাগত বাংলাদেশী স্থপতিদের মাঝে সুফল বয়ে এনেছে এবং অনেকেই অস্ট্রেলিয়ান স্থাপত্যপেশার মূলধারায় সহজেই আসন গড়ে নিয়েছেন। এই সুফল অদূর ভবিষ্যতে বৃহত্তর বাংলাদেশী কমিউনিটির মাঝে বাস্তব এবং গঠনমূলক প্রভাব ফেলবে এতে সন্দেহ নেই।

